



করোনার বিরুদ্ধে যুদ্ধ : পিছিয়ে নেই গণপূর্তের প্রকৌশলীরা

April 17, 2020



নিজস্ব প্রতিবেদন : পৃথিবীজুড়ে মহামারি আকারে ছড়িয়ে পড়া করোনাভাইরাসের সংক্রমণ ঠেকাতে বাংলাদেশের মতো ঘনবসতিপূর্ণ দেশের জন্য এখন সবচেয়ে বড় চ্যালেঞ্জ হলো কোয়ারেন্টাইন ও আইসোলেশনের ব্যবস্থা করা।

এ সমস্যা সমাধানে এগিয়ে এসেছেন গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠান গণপূর্ত অধিদফতরের সকল প্রকৌশল বিভাগের কর্মকর্তা কর্মচারীগণ।

তারা তাদের প্রকৌশলী জ্ঞান ও শ্রম কে কাজে লাগিয়ে অভিনব পদ্ধতিতে ডিজাইন কোয়ারেন্টাইন ব্যবস্থা করছে মাঠ পর্যায় থেকে সেবা প্রদানের লক্ষ্যে সারা দেশের স্বাস্থ্য সংশ্লিষ্ট সকল অবকাঠামো তৈরী অস্থায়ী ল্যাব হাসপাতাল নির্মাণ রক্ষনাবেক্ষন কাজ সম্পন্ন করছেন। ইতোমধ্যে নারায়ণগঞ্জ গণপূর্ত বিভাগের তত্ত্বাবধানে করোনা চিকিৎসায় প্রস্তুত হচ্ছে খানপুরের ৩০০ শয্যা



বিশিষ্ট হাসপাতাল। এছাড়া ও মহামারি করোনার প্রাদুর্ভাবের মধ্যে দেশের হতদরিদ্র মানুষের সাহায্যে ও ভাইরাসে আক্রান্ত রোগী ও তাদের স্বজনদের পাশে এসে দাঁড়িয়েছেন।

গণপূর্তের প্রধান প্রকৌশলী মো. আশরাফুল আলমের আহ্বানে সাড়া দিয়ে প্রতিষ্ঠানটির অতিরিক্ত প্রধান প্রকৌশলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী, উপ-বিভাগীয় প্রকৌশলী, সহকারী প্রকৌশলী এবং উপ-সহকারী প্রকৌশলীগণ তাদের বৈশাখী ভাতার অর্ধেক (৫০ শতাংশ) মানবতার সেবায় দান করেছেন।

সোমবার (৬ এপ্রিল) রাজধানীর সেগুনবাগিচায় পূর্ত ভবনে গণপূর্ত অধিদফতরের প্রধান প্রকৌশলী মো. আশরাফুল আলমের হাতে প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে দেয়ার জন্য সহায়তার এই টাকা হস্তান্তর করেন কর্মকর্তারা।

 ফেসবুকে শেয়ার করুন

আরও খবরঃ-

- [করোনায় আরও ৯ জনের মৃত্যু, নতুন শনাক্ত ৩০৬](#)

- [করোনা সংক্রমণ রোধে আজ থেকে কঠোর অবস্থানে পুলিশ](#)
- [ইতিহাসে ব্যতিক্রমী সংসদ অধিবেশন বসছে আজ](#)
- [করোনায় অর্ধেক দেশই অবরুদ্ধ](#)
- [করোনায় ঝুঁকিপূর্ণ ২০ দেশের তালিকায় বাংলাদেশ](#)
- [বিশ্বে করোনায় একদিনে মৃত্যুর রেকর্ড](#)
- [গোপন না করে বেশি করে টেস্ট করার আহ্বান স্বাস্থ্যমন্ত্রীর](#)
- [স্বাস্থ্যব্যবস্থা : বিএনপির সমালোচনায় যা বললেন কাদের](#)
- [করোনায় একদিনে ১৫ মৃত্যু, নতুন শনাক্ত ২৬৬](#)
- [করোনা পরীক্ষায় পিছিয়ে দেশ](#)

সম্পাদক ও প্রকাশকঃ এমরান হোসেন বিদ্যুৎ
৪৬/৯ কে বি সাহা রোড আমলাপাড়া নারায়ণগঞ্জ
ইমেইলঃ ekattorlive@gmail.com
মোবাইলঃ ০১৯১৫০৫৩১৮৮
Copyright © 2016. ekattorlive.com

Developed by ICT CAREER